

উইলিয়ামসভিল সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট মনোনিবেশে ব্যাঘাত-শূণ্য স্কুল পরিসর

1. সাধারণ নীতি

- স্কুল চলাকালীন সারা দিন ব্যাপী (প্রথমবার বেল বাজার সময় থেকে শেষ বেল পর্যন্ত) পড়াশোনা এবং পড়াশোনা-ছাড়া সব সময় (যেমন হোমরুম, লাঞ্চ, বিরতি অর্থাৎ রিসেস, স্টাডি হল, টাইম পাস) শিক্ষার্থী দ্বারা ব্যক্তিগত ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস এবং আনুষঙ্গিক হেডফোন/হেডসেট (ব্লুটুথ এনাবল্ড অ্যাক্সেসরি) ব্যবহার নিষেধ। ব্যক্তিগত, ইন্টারনেট-এনাবল্ড ডিভাইসে এইগুলি থাকতে পারে তবে এতেই সীমিত না: স্মার্টফোন, ট্যাবলেট, স্মার্টওয়াচ, ল্যাপটপ, গেমিং কনসোল, ফিটবিট, Google গ্লাসেস, ভিআর (VR) হেডসেট, MP3 প্লেয়ার, আইপড (iPods), এবং আইপ্যাড (iPads)।

2. ডিভাইস জমা রাখা

এলিমেন্টারি লেভেল:

- স্কুল দিবস শুরু হওয়ার সময় যখন শিক্ষার্থী বিল্ডিং পরিসরে প্রবেশ করে তখন থেকে স্কুল দিবসের শেষে যখন সে বিল্ডিং থেকে প্রস্থান করে তখন পর্যন্ত, শিক্ষকের নির্দেশিত জমা রাখার ব্যবস্থায় শিক্ষার্থীদের হোমরুমে ডিভাইস বন্ধ করে, জমা করে রাখতে হবে।

মিডল এবং হাই স্কুল লেভেল:

- স্কুল দিবসে ডিভাইস অবশ্যই বন্ধ করে তালাবন্ধ লকার রুমে জমা করে রাখতে হবে।

3. এই নীতিতে ব্যতিক্রম

নিম্নোক্ত পরিস্থিতিতে শিক্ষার্থী তার ব্যক্তিগত, ইন্টারনেট-এনাবল্ড ডিভাইস ব্যবহার করতে পারে:

- শিক্ষকের অনুমোদন পেলে - পড়াশোনা সংক্রান্ত বিশেষ উদ্দেশ্যে (নিজস্ব মালিকানার ল্যাপটপ সমেত)
- স্বাস্থ্যসেবার প্রয়োজনে- ইন্ডিভিজুয়াল হেল্থ কেয়ার প্ল্যান অনুযায়ী স্বাস্থ্যের অবস্থায় নজর রাখার জন্য বা মেডিকাল উদ্দেশ্যে জরুরী হলে (যেমন: ডায়বেটিসে নজর রাখা)
- বিল্ডিং প্রশাসকের নির্দেশমত জরুরী অবস্থা দেখা দিলে
- অনুবাদ পরিষেবা - ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের প্রয়োজনমত

- কেসবিশেষে পরিবারের সদস্যের সুস্থতার দায়িত্বপ্রাপ্ত শিক্ষার্থীর পরিচর্যাকারী অর্থাৎ কেয়ারগিভারের জন্য। শুধুমাত্র স্কুলের সোশাল ওয়ার্কার, স্কুল কাউন্সেলার বা স্কুল সাইকোলজিস্ট পর্যালোচনা এবং স্থির করার পর এই প্রকারের অনুমতি দেওয়া হয়।
- আইনত প্রয়োজন হলে - যদি আইনত ডিভাইস ব্যবহারের আদেশ দেওয়া হয়
- IEP/504 প্ল্যান – যখন শিক্ষার্থীর ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যান অর্থাৎ আইইপি (IEP) বা 504 প্ল্যানে নির্দেশ দেওয়া হয় (সীমিত প্রয়োগ। একটি কার্ঠামোবদ্ধ প্রক্রিয়া তৈরি করা হবে।)

4. স্কুল দিবসে সন্তানকে যোগাযোগ করার উদ্দেশ্যে মা বাবার জন্য যোগাযোগের পদ্ধতি

- সন্তানকে বার্তা পাঠাতে হলে মা বাবা প্রধান অফিসে কল করে জানিয়ে দিতে পারেন। তাছাড়া মা বাবা/অভিভাবককে ফোন করার জন্য শিক্ষার্থী অফিসের (বা উপলভ্য থাকলে এবং উপযুক্ত হলে, ক্লাসরুমের) ফোন ব্যবহার করতে পারে।
- বয়সোপযোগী হলে, মা বাবা তাদের সন্তানকে WITS মেলও করতে পারেন।

মা বাবার জন্য বিজ্ঞপ্তি: স্কুল দিবসে সন্তানকে যোগাযোগ করার যে পদ্ধতিগুলি পাওয়া যাবে তার ব্যাপারে মা বাবা (ফ্যামিলি হ্যান্ডবুক, স্কুল ওয়েবসাইট, WITS হোমপেজ, ডিস্ট্রিক্ট ওয়েবসাইট, ডিস্ট্রিক্ট অ্যাপ, ডিস্ট্রিক্ট ক্যালেন্ডারের মাধ্যমে) লিখিত বিজ্ঞপ্তি পাবেন।

5. কার্যত বলবৎ করা এবং পরিণাম

- প্রথম অপরাধ - ডিভাইস বাজেয়াপ্ত করে নেওয়া হয়। মা বাবাকে জানানো। সতর্কীকরণ। স্কুলের দিবসের শেষে শিক্ষার্থীকে ফেরত দিয়ে দেওয়া হয়।
- দ্বিতীয় অপরাধ - ডিভাইস বাজেয়াপ্ত করে নেওয়া হয়। মা বাবাকে জানানো। সতর্কীকরণ। মা বাবাকে ফেরত দিয়ে দেওয়া হয়।
- তৃতীয় এবং পরবর্তী অপরাধ - ডিভাইস বাজেয়াপ্ত করে নেওয়া হয়। মা বাবাকে জানানো। স্কুলের অতিরিক্ত পরিণাম। মা বাবাকে ফেরত দিয়ে দেওয়া হয়।
- নিয়মানুসরণে অসম্মতি (মিডল ও হাই স্কুল): একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তি চাওয়া সত্ত্বেও ডিভাইস দিতে রাজি না হলে স্কুলে সাসপেন্সন।
 - একাধিক বার যদি শিক্ষার্থী নিয়ম অনুসরণ না করে তাহলে নির্ধারিত স্কুল দিবসের প্রথম বেল বাজার আগে শিক্ষার্থীকে ব্যক্তিগত, ইন্টারনেট-এনাবল্ড ইলেক্ট্রনিক ডিভাইস জমা করার সুরক্ষিত জায়গায় (Yondr পাউচ) রাখতে বাধ্য করা হবে। দিনের শেষ বেল বাজার পর Yondr পাউচ আনলক করা হবে।

6. ট্রেনিং এবং জানানো

শিক্ষার্থীকে জানানো:

- ক্লাসরুমে অনুশীলন ও/বা অ্যাসেম্বলিতে নীতির বিষয়ে শিক্ষার্থীকে ট্রেনিং দেওয়া হবে।

পরিবারকে জানানো:

- ফ্যামিলি হ্যান্ডবুক, স্কুলের পত্রিকা, স্কুল ওয়েবসাইট, WITS হোমপেজ, ডিস্ট্রিক্ট ওয়েবসাইট, ডিস্ট্রিক্ট অ্যাপ, ডিস্ট্রিক্ট ক্যালেন্ডারের মাধ্যমে পরিবারদের এই নীতির বিষয়ে জানানো হবে।
- মনোনিবেশে ব্যাঘাত-শূণ্য পরিবেশ সংক্রান্ত নীতি এবং তাতে সাহায্য করায় মা বাবার ভূমিকার বিষয়ে স্কুল শুরু হওয়ার আগে তাদের জানিয়ে দেওয়া হবে।

শিক্ষা প্রদানকারীর ট্রেনিং:

- নীতির বিষয়ে, কীভাবে তা কার্যত প্রয়োগ করতে হবে এবং মা বাবাকে কীভাবে জানাতে হবে সেসব বিষয়ে স্কুল বর্ষের শুরুতে পেশাগত কাজের দিনে শিক্ষা প্রদানকারী অর্থাৎ এডুকেটর ট্রেনিং পাবেন।

7. নীতি গ্রহণ ও মূল্যায়ন

- 1 অগস্ট 2025 পর্যন্ত, ডিস্ট্রিক্টকে একটা নীতি গ্রহণ করে নিতে হবে
 - যে 12টি ভাষা সবচেয়ে বেশি বলা হয় সেই ভাষাগুলিতে অনুবাদ সমেত এই নীতি তাদের ওয়েবসাইটে প্রকাশিত করতে হবে
- 1 সেপ্টেম্বর 2026 পর্যন্ত, জনতাত্ত্বিক ডেটা সমেত এই নীতি কার্যত প্রয়োগের বিবরণ ডিস্ট্রিক্টকে তাদের ওয়েবসাইটে বার্ষিক রিপোর্টে প্রকাশিত করতে হবে